গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.pressinform.gov.bd


নম্বর. ১৫.৫২.০০০০.০১১.১৬.১৯৭.১৮(অংশ-৫). ৭৭৭ তারিখ : ০৬.০৩.২০২০ খ্রি:

বিষয় : ফেব্রুয়ারি ২০২০ এর ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।

ইনোভেশন অফিসার : জনাব মো. শাহেনূর মিয়া, সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস), তথ্য অধিদফতর, ঢাকা।

তারিখ : ২৪.০২.২০২০ খ্রি.

সময় : সকাল ১১.০০ ঘটিকা

স্থান : তথ্য অধিদফতরের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। শুরুতে সিনিয়র তথ্য অফিসার (সংস্থাপন) ও ইনোভেশন টিমের সদস্য সচিব ২০১৯-২০২০ অর্থবছরের জন্য গৃহীত ইনোভেশন কর্মপরিকল্পনার জানুয়ারি/২০১৯ এর অগ্রগতির বিষয়ে সভাকে অবহিত করেন। বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়। উপস্থিত ইনোভেশন টিমের সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ বাস্তবায়নে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র. ন.ও কর্মপরিকল্পনার অনুচ্ছেদ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১<br>অনুচ্ছেদ ৬.২.১ | উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন (০১.০৩.২০২০) | **'তথ্য অধিদফতরের ওয়েব পোর্টাল চালুকরণ'** পাইলটিং করার সিদ্ধান্ত বাস্তবায়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সিনিয়র তথ্য অফিসার (সংস্থাপন) ও সদস্য সচিব, ইনোভেশন টিম সভায় জানান, ওয়েব পোর্টাল তৈরির বিষয়ে একটি প্রতিষ্ঠান আনুমানিক ৫০,০০০/- টাকায় এবং অন্য একটি প্রতিষ্ঠান উন্নত ওয়েব পোর্টাল তৈরির বিষয়ে ১ লক্ষ টাকার অধিক ব্যয় হতে পারে মর্মে জানিয়েছে। ইনোভেশন অফিসার সময় নিয়ে সকল দিক বিবেচনা করে ওয়েব পোর্টাল তৈরির বিষয়ে মতামত দেন। | এ বিষয়ে প্রধান তথ্য অফিসার মহোদয়ের সদয় সম্মতি নিয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস), সিনিয়র তথ্য অফিসার (সংস্থাপন), তথ্য অফিসার (প্রোটকল) ও ওয়েব অ্যাডমিন |
| ০২<br>অনুচ্ছেদ ৯.২.১ | উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত উদ্ভাবকগণের দেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ | উত্তরার দিয়াবাড়িতে অবস্থিত মেট্রোরেল এর মূলস্টেশন এবং এর আধুনিক স্থাপনাশৈল সরেজমিনে পরিদর্শন/নলেজ শেয়ারিং করার জন্য ২০ জন কর্মকর্তার অংশগ্রহণে ০৮.০২.২০২০ তারিখে সম্পন্ন হয়েছে। সভায় চিফ ফিচার রাইটার জনান যে, এ বিষয়ে সড়ক ও সেতু বিভাগে কর্মরত উপপ্রধান তথ্য অফিসার জনাব মো. আবু নাছের একটি ফিচার জমা দিয়েছেন। এছাড়া, পরিদর্শন টিমের অন্যান্য সদস্যদের নিকট হতে আরো ফিচার সংগ্রহ করে প্রকাশের বিষয়ে আলোচনা হয়। | এ বিষয়ে একাধিক ফিচার প্রকাশের সিদ্ধান্ত হয়। | সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস) ও সিনিয়র তথ্য অফিসার (সংস্থাপন) |

চলমান পাতা/০২

| ক্র. ন.ও কর্মপরিকল্পনার অনুচ্ছেদ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৩ অনুচ্ছেদ ১০.১.১ | উদ্ভাবনের তথ্য আপলোডকৃত/ হালনাগাদকৃত | তথ্য অধিদফতরের ওয়েবসাইটের কনটেন্টগুলো আকর্ষণীয়, তথ্য সমৃদ্ধ ও হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। | জনসংযোগ কর্মকর্তাদের ছবিসহ তালিকা ওয়েব সাইটে আপলোড করার সিদ্ধান্তগ্রহণ করা হয়। এছাড়া ওয়েবসাইটটি যথাযথ হালনাগাদ করার প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত হয়। | সিনিয়র তথ্য অফিসার (সংস্থাপন) ও ওয়েব অ্যাডমিন |
| ০৪ অনুচ্ছেদ ১২.২.১ | সেবা সহজিকরণ বাস্তবায়নে চূড়ান্ত অফিস আদেশ জারি (১৫.০৪.২০২০) | "অনলাইনের মাধ্যমে তথ্য অধিদফতরের প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড এর আবেদন ও ডিজিটাল কার্ড সরবরাহ" বিষয়টি সহজ করতে ওয়েবসাইটে দৃশ্যমান ফরমটি কম্পিউটারে পূরণ করা ও তথ্য অধিদফতরের প্রোটকল শাখায় প্রেরণের সুবিধার্থে এমএস ওয়ার্ড ফরমেটে রাখার বিষয়ে আলোচনা হয়। তথ্য অফিসার (প্রোটকল) সভাকে জানান যে, মার্চ ২০২০-এর ১ম সপ্তাহে এটি ওয়েবসাইটে আপলোড সম্পন্ন হবে। | মার্চ ২০২০ এর ১ম সপ্তাহে এমএস ওয়ার্ড ফরমেটে রাখার সিদ্ধান্ত হয়। কাজ সম্পন্ন হওয়ার পর এ সংক্রান্ত একটি অফিস আদেশ জারির সিদ্ধান্ত হয়। | সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রোটকল) ও তথ্য অফিসার (প্রোটকল) ওয়েব অ্যাডমিন |
| ০৫ অনুচ্ছেদ ১৪.১.১ ও ১৪.২.১ | বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের এবং সেবাসহজিকরণ ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা (২০.০৫.২০২০) | ওয়েব পোর্টাল চালুকরণ, প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির জন্য আবেদন ফরম ওয়েবসাইটে এমএস ওয়ার্ডে আপলোড এবং সেবাসহজিকরণে জাতির পিতার দুর্লভ ছবি ওয়েবসাইটে আপলোড ইত্যাদি বিষয়ে ০১(এক)মিনিট ব্যাপ্তিকালের ভিডিও/ডকুমেন্টেশন প্রকাশনার বিষয়ে সভায় আলোচনা হয়। | সেবাসহজিকরণে জাতির পিতার দুর্লভ ছবি ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। প্রেস অ্যাক্রিডিটেশন কার্ড প্রাপ্তির জন্য আবেদন ফরমটি এমএস ওয়ার্ড ফরমেটে মার্চ ২০২০-এর ১ম সপ্তাহে আপলোড করা হবে। তথ্য অধিদফতরের ওয়েব পোর্টাল চালুকরণ পাইলটিং বাস্তবায়নের প্রক্রিয়া চূড়ান্ত হলে এ সম্পর্কিত ০১(এক) মিনিটের একটি ভিডিও/ডকুমেন্টেশন প্রকাশনার বিষয়ে প্রধান তথ্য অফিসার মহোদয়ের সাথে আলোচনা করে চূড়ান্ত করার সিদ্ধান্তগ্রহণ করা হয়। এছাড়া, ওয়েব পোর্টাল চালুকরণ পাইলটিং বিষয়টি চূড়ান্ত হলে এটি ইনোভেশন শোকেসিং করা সম্ভব হবে। | সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস) |
| ০৬ অনুচ্ছেদ ১৫.৩.১ ও ১৫.৪.১ | উদ্ভাবন কর্মপরিকল্পনা বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত/প্রেরণ (২০.০৭.২০২০) | ২০১৯-২০২০ অর্থবছরের গৃহীত ইনোভেশন কর্মপরিকল্পনা মনিটরিং/ অগ্রগতি পর্যালোচনা এবং বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | তথ্য অধিদফতরের বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন যথাসময়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্তগ্রহণ করা হয়। | সিনিয়র তথ্য অফিসার (সংস্থাপন) |

চলমান পাতা/০২

| ক্র. ন.ও কর্মপরিকল্পনার অনুচ্ছেদ | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০৭ বিবিধ | শিক্ষা সফর/ প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ | কর্মকর্তাদের নিয়ে কর্ণফুলী টানেল পরিদর্শনের বিষয়ে আলোচনা হয়। এ জন্য উপপ্রধান তথ্য অফিসার জনাব মো. আবু নাছের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারবেন বলে সভায় সকলে মত দেন। | আগামী ২০২০-২০২১ অর্থবছরে কর্ণফুলী টানেল পরিদর্শনের সিদ্ধান্তগ্রহণ করা হয়। | ইনোভেশন অফিসার ও সদস্য সচিব, ইনোভেশন টিম |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করা হয়।

6/6/2020

মো. শাহেনূর মিয়া
সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রেস)
ও
ইনোভেশন অফিসার
ফোন : ৯৫৪০১৩৮

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে) :

০১। অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।
০২। সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রশাসন, প্রোটকল, প্রেস), তথ্য অধিদফতর, ঢাকা।
০৩। উপপ্রধান তথ্য অফিসার (এফএন্ডপি, আরএন্ডআর), তথ্য অধিদফতর, ঢাকা।
০৪। আঞ্চলিক তথ্য অফিস, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী (কার্যবিবরণীর আলোকে ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৫। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সংবাদকক্ষ সকালের পালা, বিকেলের পালা, তথ্য অধিদফতর, ঢাকা।
০৬। সিনিয়র তথ্য অফিসার (সংস্থাপন, সমন্বয়, প্রোটকল, প্রেসট্রেন্ড, মিডিয়া সেন্টার, ক্লিপিংস, মনিটরিং), তথ্য অফিদফতর, ঢাকা।
০৭। চিফ ফিচার রাইটার, ফিচার রাইটার, তথ্য অধিদফতর, ঢাকা।
০৮। প্রশাসনিক, ক্রয়, অতিরিক্ত হিসাবরক্ষণ ও বিতরণ কর্মকর্তা, তথ্য অধিদফতর, ঢাকা ।
০৯। সহকারী প্রধান আলোকচিত্রগ্রাহক, তথ্য অধিদফতর, ঢাকা ।
১০। প্রধান তথ্য অফিসার মহোদয়ের ব্যক্তিগত সহকারী, তথ্য অধিদফতর, ঢাকা (পিআইও মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১। সংশ্লিষ্ট নথি।